গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাগনভূঞা, ফেনী
daganbhuiyan.feni.gov.bd

স্মারক নং : ০৫.২০.৩০২৫.০০১.১১.০০১.২০২৪- ৩৬১ তারিখ : ২৪/০৩/২০২৪খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১৫ অনুযায়ী ফেনী জেলার দাগনভূঞা উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডে মহল্লাদার নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ইউনিয়ন | পদের নাম | শূণ্যপদ | ওয়ার্ড নং | বেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| সিন্দুরপুর | মহল্লাদার | ০৩টি | ০৪, ০৮, ০৯ | সর্বসাকুল্য- ৬৫০০/- টাকা (ইউপি অংশ + সরকারি অংশ) তৎসহ অন্যান্য সুবিধাদি। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| রাজাপুর | মহল্লাদার | ০১টি | ০৬ | | |
| পূর্বচন্দ্রপুর | মহল্লাদার | ০১টি | ০৬ | | |
| রামনগর | মহল্লাদার | ০২টি | ০৪, ০৮ | | |
| ইয়াকুবপুর | মহল্লাদার | ০২টি | ০৩,০৫ | | |
| দাগনভূঞা | মহল্লাদার | ০১টি | ০২ | | |
| মাতুভূঞা | মহল্লাদার | ০২টি | ০১, ০৫ | | |
| জায়লস্কর | মহল্লাদার | ০৩টি | ০২, ০৮, ০৯ | | |

শর্তাবলীসমূহ:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়ন এবং ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে।

০২। আবেদন ফরম daganbhuiyan.feni.gov.bd ওয়েব সাইটে এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ওয়েব সাইটে পাওয়া যাবে। নির্ধারিত আবেদন ফরমে উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনীকে সম্বোধন করে ৩০০/- টাকার ব্যাংক ড্রাফটসহ আবেদন করতে হবে।

০৩। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে এবং নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী তথ্য প্রদান করতে হবে।

০৪। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে:মি: আকারের ছবি।

(খ) প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী বরাবর ৩০০/- টাকার ব্যাংক ড্রাফটের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

(গ) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে দরখাস্তের সাথে নিজের নাম ও ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাক টিকিট লাগানো একটি ১০.৫" X ৪.৫" সাইজের ফেরৎ খাম প্রদান করতে হবে।

০৬। শারিরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে-

(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্র।

০৭। সরকার কর্তৃক জারীকৃত কোটা সংক্রান্ত নির্দেশনাবলী অনুসরণ করা হবে-

(ক) মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে। (খ) অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

CamScanner

(গ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সনদ পত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে (চ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র (ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র (জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

০৮। প্রার্থীর বয়স ২৪/০৩/২০২৪ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৯। আবেদনপত্র আগামী ২৩/০৪/২০২৪ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে।

১০। মহল্লাদার পদে নিয়োগের জন্য প্রার্থীর শারিরক যোগ্যতা-

| প্রার্থী | সর্বনিম্ন উচ্চতা | সর্বনিম্ন ওজন | সর্বনিম্ন বুকের মাপ | |
|---|---|---|---|---|
| | | | স্বাভাবিক অবস্থায় | সম্প্রসারিত অবস্থায় |
| পরুষ | ৫ ফুট ২ ইঞ্চি | ৫০ কেজি | ৩০ ইঞ্চি | ৩২ ইঞ্চি |
| মহিলা | ৫ ফুট | ৪৫ কেজি | ২৮ ইঞ্চি | ৩০ ইঞ্চি |

১১। সরকারি/আধাসরকারি সংস্থায় চাকুরীরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২। প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করতে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪/০৩/২০২৪

নিবেদিতা চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
দাগনভূঞা ,ফেনী

স্মারক নং : ০৫.২০.৩০২৫.০০১.১১.০০১.২০২৪-৩৬৯ তারিখ : ২৪/০৩/২০২৪খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। জেলা প্রশাসক, ফেনী।

০২। উপপরিচালক, স্থানীয় সরকার, ফেনী।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাগনভূঞা,ফেনী।

০৪। চেয়ারম্যান,-------------------- ইউনিয়ন পরিষদ, দাগনভূঞা, ফেনী।

[তাকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট-বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]

০৫। সম্পাদক,---------------------------------------

[তাকে বিজ্ঞপ্তিটি তার প্রত্রিকায় একদিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]

০৬। অফিস কপি/ নোটিশ বোর্ড।

২৪/০৩/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
দাগনভূঞা, ফেনী

CamScanner